

# প্রতিবাদী ‘রাজাকার’ স্লোগানে মধ্যরাতে রাজু ভাস্কর্যে নারী শিক্ষার্থীরা



রাত ১২টায় হল থেকে মিছিল নিয়ে রাজু ভাস্কর্যে সমবেত হন ঢাবির নারী শিক্ষার্থীরা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ১৫ জুলাই ২০২৫ | ০২:৪০ | আপডেট: ১৫ জুলাই ২০২৫ | ০২:৪০



২০২৪ সালে ১৪ জুলাইকে স্মরণ করে ফের প্রতিবাদী রাজাকার রাজাকার স্লোগানে রাজু ভাস্কর্যে জড়ো হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীরা। সোমবার রাত ১২টায় হল থেকে মিছিল নিয়ে তারা রাজু ভাস্কর্যে সমবেত হন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পূর্ব ঘোষণা অনুযায়ী, মেয়েদের হলগুলো সারা রাত খোলা রয়েছে।

গত বছরের ১৪ জুলাই ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ‘রাজাকারের নাতিপুতি’ নামে অভিহিত করেন। এর প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেয়েদের হলের শিক্ষার্থীরা হলের তাল্লা ভেঙে সড়কে বেরিয়ে পড়েন। থালা বাসনে শব্দের দ্যোতনা তৈরি করে ‘তুমি কে আমি কে রাজাকার, রাজাকার, ‘কে বলেছে কে বলেছে স্বৈরাচার স্বৈরাচার’ স্লোগান দেন শিক্ষার্থীরা।

সেই রাতের ঘটনাকে স্মরণ করে শিক্ষার্থীরা হলের প্রাধ্যক্ষদের সঙ্গে নিয়ে মিছিল নিয়ে বের হয়েছেন। তারা একই স্লোগান দিয়ে রাজু ভাস্কর্যে এসেছেন। রাজু ভাস্কর্যে হয়েছে র‍্যাপারদের কনসার্ট।

এ সময় শিক্ষার্থীরা ‘কথায় কথায় বাংলা ছাড়, বাংলা কি তোর বাপ দাদার’, ‘লাখো শহীদের রক্তে কেনা দেশটা কারো বাপের না’, ‘তুই রাজাকার, তুই রাজাকার’, ‘দালালি না রাজপথ, রাজপথ রাজপথ’ ইত্যাদি স্লোগান দেন।

অনুভূতি জানিয়ে উর্দু বিভাগের শিক্ষার্থী মাইশা আফরিন বলেন, ‘সেদিন ছাত্রলীগের ভয় ছিল। আজকে সেটা নাই। খুবই ভালো লাগছে। আমরা আজকে নিরাপদে একটা রাতে বের হতে পেরেছি।’

বায়োকেমিস্ট্রি বিভাগের ছাত্রী নুরুন্নাহার বলেন, ‘তখন একটা ভয় ছিল। স্বৈরাচার হাসিনার কখন কী করে। আন্দোলনে ভয় নিয়েই আমরা যুক্ত হয়েছিলাম। আসলে এত অন্যায় হচ্ছিল নিজেকে থামিয়ে রাখতে পারিনি। আজকে সেই আবেগ থেকে মিছিলে নেমেছি। অন্যরকম অনুভূতি কাজ করছে।’

সংস্কৃত বিভাগের ছাত্রী সাদিয়া ইসলাম বলেন, ‘আবার যদি জুলাই আসে। আমরা নারীরা প্রতিবাদে নামবো।’

১৪ জুলাই ‘জুলাই উইমেন্স ডে’ উপলক্ষে নারীদের প্রতিবাদকে স্মরণে ছিল নানা ধরনের আয়োজন। এর আগে সংস্কৃতি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনারে জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় জুলাইয়ের স্মরণে ড্রোন শো দেখানো হয়।

এ দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথগুলোতে দর্শনার্থী ও গাড়ি প্রবেশ সীমিত রাখা হয়। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ক্লাস পরীক্ষা বন্ধ থাকবে।